দৈনিক সংবাদ

114

তারিখ ... ... MAR. 0 7 2000...
পৃষ্ঠা ৭ ... কলাম ৬ ...

### এসএসসি ঃ বাংলা ২য় পত্রের পরীক্ষা

# সারাদেশে ২ সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কার

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গতকাল সোমবার সারাদেশে অনুষ্ঠিত এসএসসি বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় ৫টি শিক্ষা বোর্ডে মোট ২ হাজার ৪৬২ জন পরীক্ষার্থী নকলের দায়ে বহিষ্কৃত হয়েছে। গত তিনদিন পরীক্ষায় ব্যাপক নকল ও গণটোকাটুকির খবরের পর গতকাল পরীক্ষায় স্থানীয় প্রশাসন কিছুটা তৎপর ছিল। পরীক্ষা কেন্দ্রগুলোতে পরিদর্শকরা কড়াকড়ি করেছেন। নকল সহায়তায় শিক্ষক তেমন একটা বহিষ্কৃত হননি। রাজশাহী বোর্ডে তিন শিক্ষক বহিষ্কার হওয়ার খবর পাওয়া গেছে।

ময়মনসিংহের গফরগাঁও পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহের দায়ে স্থানীয় এমপি আলতাফ হোসেন গোলন্দাজ ২ ছাত্রলীগ নেতাকে ধরে পিটিয়ে পুলিশে সোপর্দ করেন। তিনি ওই সময় পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে গিয়েছিলেন।

উল্লাপাড়ায় ৩টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে ৩ বস্তা নকল উদ্ধার করে পুড়িয়ে ফেলে স্থানীয়

এসএসসি ঃ পৃঃ ২ কঃ৩



*গত রোববার এসএসসি বাংলা প্রথমপত্র পরীক্ষার সময় শাহজাদপুরে নকল সরবরাহকারীদের হাতে প্রহৃত ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম*

### এসএসসি ঃ পরীক্ষা

( ১ম পৃষ্ঠার পর )

প্রশাসন।

গতকাল পরীক্ষায় ঢাকা শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন জেলায় ৩৭৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে বলে বোর্ড জানিয়েছে। এগুলো হচ্ছে গাজিপুরে ৬, নারায়ণগঞ্জে ৬, মুন্সিগঞ্জে ১৯, মানিকগঞ্জে ৪, টাঙ্গাইলে ৫৭, ময়মনসিংহে ৯০, জামালপুরে ৮১, শেরপুরে ১৪, কিশোরগঞ্জে ১৫, নেত্রকোনায় ৩১, ফরিদপুরে ১৫, গোপালগঞ্জে ৯, রাজবাড়িতে ৪, মাদারীপুরে ১৪, শরিয়তপুরে ৯। রাজশাহী বোর্ডে মোট বহিষ্কার হয়েছে ১ হাজার ৫৩ জন। চট্টগ্রাম বোর্ডে ৬১, যশোর বোর্ডে ২৯২, কুমিল্লা বোর্ডে ৩১৮ জন বহিষ্কার হয়েছে।

গতকালের মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৩৭৬ জন পরীক্ষার্থী।

ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ সোমবার পরীক্ষা চলাকালে গফরগাঁও কেন্দ্র থেকে স্থানীয় এমপি ছাত্রলীগের দু'নেতাকে ধরে পিটিয়ে পুলিশে সোপর্দ করেছেন। তারা ওই কেন্দ্রে অহেতুক ঘোরাফেরা ও নকল সরবরাহ করছিল। এছাড়াও পুলিশ সামিউল আলম সুমন নামে আরও ১ জনকে একই অভিযোগে গ্রেফতার করেছে বলে জানা যায়।

গফরগাঁও থেকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য আলতাফ হোসেন গোলন্দাজ পরীক্ষা চলাকালে গফরগাঁও কেন্দ্র পরিদর্শন করতে যান। এ সময় ছাত্রলীগ নেতাদের অহেতুক কেন্দ্রে ঘোরাফেরা ও নকল সরবরাহ করতে দেখে ক্ষুব্ধ হন এবং নিজেই তা প্রতিরোধ করতে সরবরাহকারীদের ধাওয়া করেন।

তিনি গফরগাঁও থানা শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম রিয়েল ও কলেজ শাখার সভাপতি আরিফুল ইসলাম ভুঁইয়াকে ধরে পিটিয়ে পুলিশের কাছে সোপর্দ করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, আলতাফ গোলন্দাজের ধাওয়া খেয়ে বহিরাগত ও নকল সরবরাহকারীরা দিগ্বিদিক ছুটে পালিয়ে যায়। এ সময় পুলিশের লাঠিচার্জে ১০ জন আহত হয়। গফরগাঁও কেন্দ্রে গতকাল ২০ জনকে বহিষ্কার করা হয়। এদিকে জেলার ১৬টি কেন্দ্রে ৮৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

রাজশাহী থেকে নিজস্ব প্রতিনিধি ঃ রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে বাংলা দ্বিতীয়পত্রেও ব্যাপক গণটোকাটুকি ও নকলের খবর পাওয়া গেছে।

বোর্ড কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে, বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ও দায়িত্ব পালনে ব্যর্থতার জন্য রাজশাহীতে ১শ', চাঁপাইনবাবগঞ্জে ৬১ জন শিক্ষার্থী ও ২ জন শিক্ষক, নওগাঁয় ৫৪, নাটোরে ১৪, পাবনাতে ৪৪ জন শিক্ষার্থী ও ১ জন শিক্ষক, সিরাজগঞ্জে ১৪৬, রংপুরে ৬২, কুড়িগ্রামে ৭০, গাইবান্ধায় ৭৭, নীলফামারীতে ২৫, লালমনিরহাটে ১৯, দিনাজপুরে ১৬৭, ঠাকুরগাঁতে ৯২, পঞ্চগড়ে ৫৮ জনকে বহিষ্কার করা হয়েছে।

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা ঃ বগুড়ায় এসএসসি ও দাখিল পরীক্ষায় বিভিন্ন কেন্দ্রে বহিষ্কারের পাশাপাশি নকলও চলছে অবাধে। সোমবার ৮০ জনকে বহিষ্কার করা হয়েছে।

শহরের বাইরে বিভিন্ন কেন্দ্রে অবাধ নকলের সচিত্র খবর স্থানীয় ও জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত হওয়ায় কেন্দ্রগুলোর কর্তৃপক্ষ কিছুটা সতর্ক হয়েছে। তারা কেন্দ্র